02386 E 02973/08

भारतीय गैर न्यायिक

एक सौ रुपये Rs. 100

रु. 100 ONE HUNDRED RUPEES

सत्यमेव जयते

भारत INDIA

INDIA NON JUDICIAL

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL E 088489

Case No - 00258
Date - 26.12.08

-ঃ সাফ বিক্রয় কোবালা দলিল ঃ-

কোবালাগ্রহিতাঃ- বোফান ব্যাপার প্রাইভেট লিমিটেড, উহা ইংরাজী১৯৫৬ সালের কোম্পানী এ্যাক্ট অনুসারে একটি রেজিষ্ট্রীকৃত কোম্পানী। উহার রেজিঃ অফিস- ২৩৭, ধর্মতলা রোড, থানা ও পোঃ-বজবজ, কোলকাতা-৭০০১৩৭, জেলা - দক্ষিণ ২৪ পরগণা।

Certified that the document is admitted to registration. The signature sheet and endorsement sheets attached to this document are the part of this document

Addl. Dist. Sub-Registrar, Budge Budge
Budge Budge, South 24 Pgs.

26 DEC 2008

পৃষ্ঠা ২

Bofan Vyapaar Pvt. Ltd.

Director


No. ...... Date .......... Rs. ..........
Name........ Rattan Vyapar Pvt. Ltd.
Address........ 237 Dharmatala Rd B.B. Kol 137
Vender : MAMATAJ UDDIN GAZI
Alipore Judge's Court
Calcutta — 700 027

Signature of Vender

Addl. District Sub-Registrar
Budge Budge, South 24 Parganas

Nishi Kanta Adhikary

V.C.T.1



1649

Nishi Kanta Adhikary

V.C.T.1



1650

ADDL. DIST. SUB - REGISTRAR
Budge Budge, 24 Parganas (S)

2 4 DEC 2008

[illegible]

Kamal Ch. Adhikary.
S/o Sri Nishi Kanta Adhikary.
51/c Adhar das Road
B/Budge 24 Parganas
Kolkata - 137.

:: ২::

কোম্পানীর পক্ষে ডাইরেক্টর শ্রী সত্যেন্দ্র গুপ্তা, পিতা - শ্রী হরিশ চন্দ্র গুপ্তা।

<u>কোবালাদাতাদ্বয়</u> ঃ- ১) **শ্রী নিশিকান্ত অধিকারী,**
পিতা - স্বর্গীয় বিহারী লাল অধিকারী,
২) **শ্রী কানাইলাল ধাড়া,**
পিতা - স্বর্গীয় লক্ষণ চন্দ্র ধাড়া,
উভয়ের জাতি- হিন্দু, পেশা - চাকুরী,
উভয়ের সাং - ৬৭/এ, অধর দাস রোড,
থানা ও পোঃ - বজবজ, কলকাতা - ৭০০১৩৭,
<u>জেলা - দক্ষিণ ২৪ পরগনা</u>।

কস্য নিম্নের তপশীলে বিশেষ ভাবে বর্ণিত কমবেশী ১৯.৩৪ (উনিশ দশমিক তিন চার) শতক পরিমিত শালি, ডোবা, ও ডাঙ্গা জমি মায় তদুপরিস্থিত যাবতীয় আকর আওলাতাদি মায় তৎসহ উক্ত সম্পত্তির সর্বপ্রকার ব্যবহারিক ইজমেন্ট স্বত্বাদি সহ সম্পূর্ণ নির্দায় ও নির্দ্দোষ অবস্থায় সাফ বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যাঞ্চাগে ঃ-

জেলা - দক্ষিণ ২৪ পরগনা, থানা ও সাব-রেজেষ্ট্রী অফিস - বজবজ, পরগণা - বালিয়া, তৌজি নং : ৩৫৭, রেঃ সাঃ নং ৩২, জেঃ এলঃ নং ৭, বজবজ পৌরসভার ১৪নং ওয়ার্ডের এলাকাধীন, মৌজা - কালিনগরবাদে গ্রামে সাবেক আর. এস. ২৮৬ নং খতিয়ানভুক্ত আর.

পৃষ্ঠা ৩

Bofan Vyapaar Pvt. Ltd.
Director

District Sub

26 DEC

Nikhil Kanta Adhikary
নিখিলকান্ত অধিকারী



এস. ৮৩৭ নং দাগ মোতাবেক হাল এল . আর. ৮২১ নং খতিয়ান ভুক্ত এল. আর ৯৩৫ নং দাগে ১৩ শতক শালি জমি এবং ঐ মৌজায় আর. এস. ২৯৭ নং খতিয়ানভুক্ত আর. এস. ৮৩৮ নং দাগ মোতাবেক হাল এল. আর. ৮২১ নং খতিয়ানভুক্ত এল.আর. ৯৩৬ নং দাগে ৫ শতক ডোবা জমি এবং ঐ মৌজায় আর. এস. ২৯৭ নং খতিয়ান ভুক্ত আর . এস. ৮৩৯ নং দাগ মোতাবেক হাল এল. আর. ৮২১ নং খতিয়ান ভুক্ত ৯৩৭ নং দাগে ১৪ শতক ডাঙ্গা জমি, একুনে উক্ত তিনটি পৃথক দাগে মোট কমবেশী ৩২ শতক পরিমিত শালি, ডোবা ও ডাঙ্গা জমিজমা অত্র ১ নং কোবালা দাতা আমার পিতা অধুনা মৃত বিহারীলাল অধিকারী মহাশয়ের ষোল আনা স্বত্ব দখলীয় সম্পত্তি থাকে এবং তাঁহার নাম বরাবর উক্ত ৩২ শতক জমি জমা হাল এল .আর. জরিপে ৮২১ নং খতিয়ানে ষোল আনা স্বত্বে রেকর্ডভুক্ত হইয়া প্রকাশ ও প্রচারিত হইয়াছে।

অতঃপর উক্ত বিহারী লাল অধিকারী মহাশয় উক্ত সম্পত্তিতে ষোল আনা স্বত্বে ভোগবান, মালিক ও দখলীকার থাকাকালীন বিনা উইলাদি সম্পাদন অত্র ১ নং কোবালাদাতা শ্রী নিশিকান্ত অধিকারী এবং শ্রী চন্দ্রকান্ত অধিকারীকে তাঁহার দুই পুত্র এবং যমুনা ধাড়াকে তাঁহার এক বিবাহিতা কন্যা, ওয়ারেশন রাখিয়া পরলোকগমন করিলে পর তাঁহার ত্যক্ত উক্ত সম্পত্তি কোবালা দাতা আমি মায় আমার উক্ত ভ্রাতা ও ভগ্নী সমতুল্যাংশে ষোল আনা স্বত্বে প্রাপ্ত হইয়া এজমালে ভোগবান ও দখলীকার হই। অতঃপর উক্ত যমুনা ধাড়া বিনা উইলাদি সম্পাদনে অত্র

পৃষ্ঠা ৪

Bofan Vyapaar Pvt. Ltd.
Director

ADDL. DIST. SUB-REGISTRAR
Budge Budge, 24 Parganas (S)

26 DEC 2008

Nikhil Kant Adhikary



২নং কোবালা দাতা শ্রী কানাই লাল ধাড়া আমাকে তাঁহার একমাত্র পুত্র ওয়ারেশান রাখিয়া পরলোকগমন করিলে পর তাঁহার ত্যক্ত সম্পত্তি ২নং কোবালা দাতা আমি ষোল আনা স্বত্বে প্রাপ্ত হইয়া শরিকানগণের সহিত এজমালে ভোগদখল করিতেছি।

অতঃপর উক্ত রূপে ওয়ারেশান সূত্রে উক্ত তিনটি দাগে মোট ৩২ শতক জমিজমা ১ও ২ নং কোবালাদাতাদ্বয় মায় ১নং কোবালাদাতা আমার ভ্রাতা উক্ত শ্রী চন্দ্রকান্ত অধিকারী ষোল আনা স্বত্বে প্রাপ্ত হইয়া এজমালে ভোগদখল করিতে থাকাকালীন নগদ অর্থের বিশেষ প্রয়োজন হওয়ায় উক্ত শ্রী চন্দ্রকান্ত অধিকারী বিগত ইংরাজী ৩১.০৮.১৯৫৯ তারিখে বজবজ সাব-রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ১ নং বহির, ৩৮ নং ভলিয়্যুমে, ৮০হইতে ৮২ নং পৃষ্ঠায় ইংরাজী ১৯৫৯ সালের ৩২৮৪ নং সাফ বিক্রয় কোবালা দলিল মূলে উক্ত আর. এস. ৮৩৭ মোতাবেক এল .আর. ৯৩৫ নং দাগে ১৩ শতক শালি জমিজমার মধ্যে তাঁহার নিজ ১/৩ রকম অংশে প্রাপ্ত কমবেশী ৪.৩৩ শতক পরিমিত শালি জমিজমা অত্র ১নং কোবালাদাতা আমাকে উপযুক্ত পণ গ্রহণে সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় বিক্রয় করিয়া দিয়া বিক্রীত উক্ত সম্পত্তি হইতে উক্ত শ্রী চন্দ্রকান্ত অধিকারী মহাশয় চিরতরের জন্য নিঃস্বত্ব ও দখলীচ্যুত হইয়াছে।

একুনে উক্ত রূপে পৈতৃক ওয়ারেশান সূত্রে ও উক্ত রূপে খরিদা সূত্রে ১নং কোবালা দাতা আমি উক্ত আর.এস. ৮৩৭ নং দাগে ১৩ শতক শালি জমিজমার মধ্যে মোট ৮.৬৬ শতক পরিমিত শালি জমি এবং ঐ মৌজায়

Bofan Vyapaar Pvt. Ltd.
Director

ADDL. DIST. SUB-REGISTRAR
Budge Budge, 24 Parganas (S)

26 DEC 2008

আর.এস. ৮৩৮ নং দাগে ৫ শতক ডোবা জমিজমার মধ্যে ১/৩ রকম অংশে কমবেশী ১.৬৭ শতক পরিমিত ডোবা জমি এবং ঐ মৌজায় আর.এস. ৮৩৯ নং দাগে ১৪ শতক ডাঙ্গা জমিজমার মধ্যে ১/৩ রকম অংশে কমবেশী ৪.৬৭ শতক পরিমিত ডাঙ্গা জমি, একুনে মোট কমবেশী ১৫ শতক পরিমিত শালি, ডোবা ও ডাঙ্গা জমিজমা ষোল আনা স্বত্বে প্রাপ্ত হইয়া অদ্যাবধি খাসে ভোগদখল করিতেছি।

অনুরূপভাবে ২নং কোবালাদাতা আমি উক্ত রূপে মাতার ওয়ারেশান সূত্রে আর .এস. ৮৩৭ নং দাগে ১৩ শতক শালি জমি জমার মধ্যে ১/৩ রকম অংশে কমবেশী ৪.৩৪ শতক এবং ঐ মৌজায় আর.এস. ৮৩৮ নং দাগে ৫ শতক ডোবা জমিজমার মধ্যে ১/৩ রকম অংশে কমবেশী ১.৬৭ শতক পরিমিত ডোবা জমি এবং ঐ মৌজায় আর .এস ৮৩৯ নং দাগে ১৪ শতক ডাঙ্গা জমিজমার মধ্যে ১/৩ রকম অংশে কমবেশী ৪.৬৭ শতক পরিমিত ডাঙ্গা জমি, একুনে মোট কমবেশী ১০.৬৪ শতক পরিমিত শালি, ডোবা ও ডাঙ্গা জমিজমা ষোল আনা স্বত্বে প্রাপ্ত হইয়া ভোগদখল করিতে থাকাকালীন, ইতিপূর্বে উক্ত আর.এস ৮৩৮ ও ৮৩৯ নং দাগে আমার নিজাংশে প্রাপ্ত জমিজমা বিক্রয় বা হস্তান্তর বাদে উক্ত আর.এস ৮৩৭ নং দাগে ১৩ শতক শালি জমিজমার মধ্যে কমবেশী ৪.৩৪ শতক পরিমিত শালি জমিজমাতে অদ্যাবধি নিজ খাসে ভোগদখল করিতেছি।

Bofan Vyapaar Pvt. Ltd.
Director

ADDL. DIST. SUB-REGISTRAR
Budge Budge, 24 Parganas (S)

26 DEC 2008

একুনে উক্ত কমবেশী ৩২ শতক পরিমিত জমিজমার মধ্যে কোবালাদাতাদ্বয় আমরা উক্ত রূপে ওয়ারেশান সূত্রে ও খরিদা সূত্রে মোট কমবেশী ১৯.৩৪ শতক পরিমিত শালি, ডোবা ও ডাঙ্গা জমিজমা ষোল আনা স্বত্বে প্রাপ্ত হইয়া অদ্যাবধি ভোগদখল করিতেছি।

এক্ষনে কোবালাদাতাদ্বয় আমাদের নানাবিধ বৈধ ও সঙ্গত কারণে নগদ অর্থের বিশেষ প্রয়োজন হওয়ায় উক্ত রূপে খরিদা সূত্রে এবং ওয়ারেশান সূত্রে কোবালাদাতাদ্বয় আমাদের একত্রে প্রাপ্ত উক্ত কমবেশী ১৯.৩৪ শতক পরিমিত শালি, ডোবা ও ডাঙ্গা জমিজমা মায় তদুপরিস্থিত যাবতীয় আকর আওলাতাদি ও তৎসহ উক্ত সম্পত্তির সর্বপ্রকার ব্যবহারিক ইজমেন্ট স্বত্বাদি সহ যাহা নিম্নের তপশীলে বিশেষভাবে বর্ণিত হইয়াছে, উহা কোবালাদাতাদ্বয় আমরা একযোগে সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় বিক্রয়ের ঘোষণা করিলে পর কোবালা গ্রহিতা কোম্পানীর পক্ষে ডাইরেক্টর আপনি তাহা অবগত হইয়া বেলমোক্তা ১,০০,০০০, (এক লক্ষ) টাকা পণ মূল্যে উক্ত সম্পত্তি খরিদ করিবার প্রস্তাব করিলে পর আপনাদের প্রস্তাবিত ও ঘোষিত মূল্য বাজারোচিত সর্বোচ্চ বিধায় আপনাদের প্রস্তাবে সম্মত হইয়া অদ্য রোজ কোবালা দাতাদ্বয় আমরা কোবালাগ্রহিতা আপনাদের নিকট হইতে পনের সমুদয় ১,০০,০০০, টাকা নিম্নে টাকার জায়মত নগদ প্রাপ্তে ও তৎপ্রাপ্তি স্বীকারে কোবালাগ্রহীতা আপনাদের নাম বরাবর অত্র সাফ বিক্রয় কোবালায় আমাদের নিজ নিজ নাম সহি সম্পাদন করতঃ রেজিষ্ট্রী করিয়া দিলাম এবং আপনাদের পণের টাকার দায় হইতে সম্পূর্ণরূপে রেহাই করিয়া দিলাম এবং বিক্রীত

Bofan Vyapaar Pvt. Ltd.
Director

পৃষ্ঠা ৭

District Sub ... gistrar

ADDL. DIST. SUB-REGISTRAR
Budge Budge, 24 Parganas (S)

2 6 DEC [illegible]

উক্ত ও নিম্নের তপশীল বর্ণিত সম্পত্তিতে অদ্যই আপনাদের খাস ও খোলসা দখল প্রদান করিয়া দিয়া বিক্রীত উক্ত জমি জমা হইতে কোবালাদাতাদ্বয় আমরা মায় আমাদের ওয়ারেশানগণ চিরতরের জন্য নিঃস্বত্ব ও দখলী চ্যুত হইলাম।

কোবালাদাতাদ্বয় আমরা আরও অঙ্গীকার, প্রকাশ ও প্রচার করিতেছি যে অত্র দলিলের বিক্রীত সম্পত্তিতে আমাদের অদ্যাবধি যাহা কিছু স্বত্ব, স্বামীত্ব, দখল, অধিকার, লভ্য, হক হকিয়ৎ ছিল এবং ভবিষ্যতে যাহা কিছু বর্ত্তাইতে পারে তৎসমুদয় অদ্য হইতে অত্র সাফ বিক্রয় কোবালা দলিল মূলে কোবালা দাতাদ্বয় আমাদের হইতে সম্পূর্ণ রূপে লোপ ও ধ্বংস প্রাপ্ত হইয়া কোবালা গ্রহিতা আপনাদের উপর অর্শাইল ও বর্ত্তাইল এবং কোবালা গ্রহিতা আপনারা অদ্য হইতে উক্ত বিক্রীত সম্পত্তিতে আমাদের যাবতীয় স্বত্বে স্বত্ববান ও দখলে দখলীকার কায়েম হইয়া সরকারী সেরেস্তায় ও স্থানীয় আবশ্যকীয় অফিস হইতে সাবেক নাম খারিজ পূর্বক আপনাদের নিজ নাম পত্তন করিয়া লইয়া ধার্য্যকৃত খাজনাদি ও ট্যাক্সাদি যথারীতি আদায় দিয়া দান, বিক্রয়, বন্ধক, যাবতীয় হস্তান্তর ও রূপান্তর করনের ক্ষমতাযুক্তে স্থলাভিষিক্তগণক্রমে পরম সুখে ষোলো আনা মালিক স্বরূপে যদৃচ্ছা সহকারে ভোগদখল করিতে থাকুন, তাহাতে কোবালা দাতাদ্বয় আমরা মায় আমাদের ওয়ারেশানগণ কোনরূপ ওজর আপত্তি করিব না বা করিতে পারিবেক না, করিলেও তাহা অত্র সাফ বিক্রয় কোবালা মূলে সর্বত্র, সর্বথা ও সর্ব্ব আদালতে বাতিল ও নামঞ্জুর বলিয়া গণ্য হইবেক।

Bofan Vyapaar Pvt. Ltd.
Director

District Sub Registrar

ADDL. DIST. SUB REGISTRAR
Budge Budge, 24 Parganas (S)

2 6 DEC [illegible]

Nikhil kanta Adhikary

কোবালাদাতাদ্বয় আমরা আরও অঙ্গীকার, প্রকাশ ও প্রচার করিতেছি যে,অত্র দলিলের বিক্রীত সম্পত্তি লইয়া কোন আদালতে কোনরূপ মোকর্দ্দমা দায়ের নাই বা তাহা কাহারও খোরপোষের দায়ে বা জামিনের দায়ে কোন আদালতের নিকট দায়াবদ্ধ নহে বা তাহাতে কোনরূপ দায়সংযোগ বা লিয়েন নাই বা উক্ত সম্পত্তি কোন দেবোত্তর বা পীরোত্তর , ওয়াকফ ভুক্ত সম্পত্তি নহে বা তাহা সরকার কর্ত্তৃক কোন প্রকার এ্যাকুইজিশান বা রিকুইজিশান কৃত সম্পত্তি নহে বা তাহাতে কোন বর্গাদার নাই, উক্ত সম্পত্তি আমরা ইতিপূর্বে কাহাকেও বিক্রয় বা কোনরূপ হস্তান্তর করি নাই বা বিক্রয় করিবার জন্য কাহারও সহিত কোনরূপ চুক্তিবদ্ধ হইয়া বায়নার টাকা অগ্রিম লই নাই। উক্ত সম্পত্তি সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় আছে এবং তাহা বিক্রয় করিবার কোবালা দাতাদ্বয় আমাদের উত্তম ও উপযুক্ত ক্ষমতা যুক্ত স্বত্ব বিদ্যমান আছে।

উপরোক্ত উক্তির কোন উক্তি মিথ্যা বা তঞ্চকী বলিয়া প্রমাণিত হইলে কোবালাদাতাদ্বয় আমরা মাফিক আইনের আমলে আসিব এবং পণের সমুদয় টাকা গ্রহিতা আপনাদের এককালীন নগদে ফেরৎ দিতে আমরা বাধ্য থাকিব।

যদ্যপি লেখকের ভ্রমবশতঃ বা অন্য কোন কারণে কোবালা গ্রহিতা আপনাদের অত্র দলিলে খরিদা সম্পত্তিতে স্বত্ব দখল দৃঢ়ী করণার্থে অত্র

Sofan Vyapaar Pvt. Ltd.
Director

istrict Sub

DIST. REGISTRAR

26 DEC

Nikhil Kanti Adhikary । তাপস কুমার অধিকারী

দলিলের পৃষ্ঠপোষকতায় কোনরূপ সংশোধনী বা পরিপুরক দলিলের প্রয়োজন হয় তাহা বলিবা মাত্র কোবালাদাতাদ্বয় আমরা মায় আমাদের ওয়ারেশানগণ আপনাদের নাম বরাবর উক্ত রূপ দলিল রেজিষ্ট্রী করিয়া দিতে বাধ্য রহিলাম।

এতদর্থে, সুস্থ শরীরে, সরলান্তঃকরণে, অন্যের বিনানুরোধে বা বিনা প্ররোচনায় স্বেচ্ছায় ও স্বজ্ঞানে কোবালাদাতাদ্বয় আমরা অত্র দলিলের মর্ম্ম সম্যক ভালোভাবে অবগত হইয়া এবং বুঝিয়া কোবালা গ্রহিতা কোম্পানীর পক্ষে ডাইরেক্টর আপনার নিকট হইতে পণের সমুদয় ১,০০,০০০্ (এক লক্ষ) টাকা নিম্নের টাকার জায়মত নিম্নের স্বাক্ষরিত সাক্ষীগণের সম্মুখে নগদ বুঝিয়া পাইয়া কোবালা গ্রহিতা আপনাদের নাম বরাবর অত্র সাফ বিক্রয় কোবালায় কোবালা দাতাদ্বয় আমরা আমাদের নিজ নিজ নাম সহি সম্পাদন করতঃ রেজিষ্ট্রী করিয়া দিলাম। নিবেদন ইতি সন বাংলা ১৪১৫সালের ৮ই পৌষ , মোতাবেক ইংরাজী সন ২০০৮ সালের ২৪শে ডিসেম্বর।

## -ঃ তপশীল বিক্রীত সম্পত্তির পরিচয় ঃ-

জেলা - দক্ষিণ ২৪ পরগনা, থানা ও সাব-রেজেষ্ট্রী অফিস - বজ্‌বজ্‌, পরগণা - বালিয়া, তৌজি নং : ৩৫৭, রে: সা: নং ৩২, জে: এল: নং ৭, বজ্‌বজ্‌ পৌরসভার ১৪ নং ওয়ার্ডের এলাকাধীন, মৌজা -

Bofan Vyapaar Pvt. Ltd.
Director

26 DEC

কালিনগরবাদে গ্রামে নিম্নে বর্ণিত সম্পত্তিঃ-

| আর.এস. খতিয়ান | আর.এস. দাগ | এল.আর. খতিয়ান | এল.আর. দাগ | রকম পরিমান |
|---|---|---|---|---|
| ২৮৬ | ৮৩৭ | ৮২১ | ৯৩৫ | শালি -১৩ শতকের মধ্যে ১৩ শতক |
| ২৯৭ | ৮৩৮ | ৮২১ | ৯৩৬ | ডোবা - ৫ শতকের মধ্যে ১.৬৭ শতক |
| ২৯৭ | ৮৩৯ | ৮২১ | ৯৩৭ | ডাঙ্গা -১৪ শতকের মধ্যে ৪.৬৭ শতক |
| | | | | মোট ৩২ শতক-এর মধ্যে ১৯.৩৪ শতক |

একুনে উক্ত তিনটি পৃথক দাগে মোট কমবেশী উনিশ দশমিক তিন চার শতক পরিমিত শালি, ডোবা ও ডাঙ্গা জমিজমা মায় তদুপরিস্থিত যাবতীয় আকর আওলাতাদি মায় যাবতীয় ইজমেন্ট স্বত্বাদি সহ যাহা অত্র দলিলের বিক্রীত সম্পত্তির পরিচয় হইতেছে।

প্রকাশ রহিল যে,বিক্রীত উক্ত ১৯.৩৪ শতক পরিমিত জমিজমার মধ্যে ১ নং দাতার বিক্রীত জমির পরিমান উক্ত আর.এস. ৮৩৭ নং দাগ মোতাবেক হাল এল.আর. ৯৩৫ নং দাগে কমবেশী ৮.৬৬ শতক শালি জমি এবং উক্ত আর.এস. ৮৩৮ নং দাগ মোতাবেক হাল এল.আর. ৯৩৬ নং দাগে ১.৬৭ শতক ডোবা জমি এবং উক্ত আর.এস. ৮৩৯ নং দাগ মোতাবেক ৯৩৭ নং দাগে কমবেশী ৪.৬৭ শতক ডাঙ্গা জমি, একুনে মোট কমবেশী ১৫ শতক পরিমিত হইতেছে।

Bofan Vyapaar Pvt. Ltd.
Director

অনুরূপভাবে, অত্র ২ নং কোবালাদাতার বিক্রীত জমির পরিমান

District Sub-Registrar

DIST. ... REGISTRAR

26 DEC [illegible]

Nishi Kanta Adhikary
শ্রী সংশয় অধিকারী



নং দাগে কমবেশী ৪.৩৪ শতক পরিমিত হইতেছে।

বিক্রীত উক্ত জমির হারাহারি বার্ষিক খাজনা কমবেশী ৫্ টাকা মাত্র।

-ঃ টাকার জায় ঃ-

অদ্য রোজ নোটে ও নগদে ১০০্ শত টাকার নোট ১০০০ কেতায় ১,০০,০০০্ টাকা।

(মং এক লক্ষ টাকা মাত্র বুঝিয়া পাইলাম)

Nishi Kanta Adhikary

দাতাদ্বয়কে অত্র দলিল পাঠ করিয়া দলিলের মর্ম্ম অবগত করাইলাম।

Sanjoy Adhikary

-ঃ ইসাদী ঃ-

১। Bacha Mondal
105/D M. N. Sarkar Road
Budge / Budge

মুসাবিদাকারক ঃ-

Sk. Masud Ahamed.
আইনজীবী
আলিপুর জজ কোর্ট, কোলকাতা-২৭।

২। Subhendu Dhara.
C/O - Kanai Lal Dhar
Vill - Uttar Raipur.
P.O - Dakshin Raip
Pin - 743318.

কমপিউটার প্রিন্টঃ-

Bofan Vyapaar Pvt. Ltd.
Director

অভিজিৎ লাহা
"জয় মাতাজী প্রিন্ট"
আলিপুর জজ কোর্ট, কোলকাতা-২৭।

District Sub-Registrar

ADDL. DIST. SUB-REGISTRAR
Budge Budge

26 DEC 2008



| | Thumb | 1st finger | middle finger | ring finger | small finger |
|---|---|---|---|---|---|
| left hand | | | | | |
| right hand | | | | | |

Name ..........................................

Signature ... Satyendra ... [illegible]



| | Thumb | 1st finger | middle finger | ring finger | small finger |
|---|---|---|---|---|---|
| left hand | | | | | |
| right hand | | | | | |

Name ..........................................

Signature ... Nishi kanta Adhikary



| | Thumb | 1st finger | middle finger | ring finger | small finger |
|---|---|---|---|---|---|
| left hand | | | | | |
| right hand | | | | | |

Name ... [illegible]

Signature ..........................................

PHOTO

| | Thumb | 1st finger | middle finger | ring finger | small finger |
|---|---|---|---|---|---|
| left hand | | | | | |
| right hand | | | | | |

Bofan Vyapaar Pvt. Ltd.

..........................................

ADDL. DIST. SUB-REGISTRAR
Budge Budge, 24 Parganas (S)

26 DEC 2008

Government Of West Bengal
Office of the A. D. S. R. BUDGE BUDGE
BUDGE BUDGE
Endorsement For deed Number :I-02973 of :2008
(Serial No. 02386, 2008)

On 24/12/2008

Presentation(Under Section 52 & Rule 22A(3) 46(1))

Presented for registration at 06.30 hrs on :24/12/2008,at the Private residence by Nishi Kanta Adhikary,one of the Executants.

Admission of Execution(Under Section 58)

Execution is admitted on 24/12/2008 by
1. Sri Nishi Kanta Adhikary, son of Late Bihari Lal Adhikary ,67/ A, Adhar Das Road P. O- Budge Budge Dist- South 24 Pgs ,Thana Budge Budge,Pin 700137, By caste Hindu,by Profession :Service
2. Sri Kanai Lal Dhara, son of Late Laxman Chandra Dhara ,67/ A, Adhar Das Road P. O- Budge Budge Dist- South 24 Pgs ,Thana Budge Budge,Pin 700137, By caste Hindu,by Profession :Service
Identified By Kamal Chandra Adhikary, son of Sri Nishi Kanta Adhikary 51/ C, Adhar Das Road Dist- South 24 Pgs Kol-700137 Thana: Budge Budge, by caste Hindu,By Profession :Others.

Name of the Registering officer :Sujan Kumar Maity
Designation :ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR

On 26/12/2008

Certificate of Admissibility(Rule 43)

Admissible under rule 21 of West Bengal Registration Rule, 1962 duly stamped under schedule 1A Article number :23,4 of Indian Stamp Act 1899. also under section 5 of West Bengal Land Reforms Act, 1955; Court fee stamp paid Rs. 10.00/-

Payment of Fees:

Fee Paid in rupees under article : A(1) = 10021/- ,E = 7/- on:26/12/2008

Certificate of Market Value(WB PUVI rules 1999)

Certified that the market value of this property which is the subject matter of the deed has been assessed at Rs- 1769/-

Certified that the required stamp duty of this document is Rs 54716 /- and the Stamp duty paid as: Impresive Rs- 100

Deficit stamp duty

[Sujan Kumar Maity]
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR
OFFICE OF THE ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR OF BUDGE BUDGE
Govt. of West Bengal



Bofan Vyapaar Pvt. Ltd.
Director

District Sub-Registrar

ADDL. DIST. SUB-REGISTRAR

26 DEC 2008

Government Of West Bengal
Office of the A. D. S. R. BUDGE BUDGE
BUDGE BUDGE
Endorsement For deed Number :I-02973 of :2008
(Serial No. 02386, 2008)

Deficit stamp duty 1.Rs 40000/- is paid, by the draft number 582185, Draft Date 20/12/2008 Bank Name STATE BANK OF INDIA, Budge Budge, received on :26/12/2008. 2.Rs 14620/- is paid, by the draft number 582184, Draft Date 20/12/2008 Bank Name STATE BANK OF INDIA, Budge Budge, received on :26/12/2008.

Name of the Registering officer :Sujan Kumar Maity
Designation :ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR

[Sujan Kumar Maity]
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR
OFFICE OF THE ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR OF BUDGE BUDGE
Govt. of West Bengal



Bofan Vyapaar Pvt. Ltd.

Director

District Sub Registrar

ADDL. DIST. SUB REGISTRAR

26 DEC 2008

Certificate of Registration under section 60 and Rule 69.

Registered in Book - I
CD Volume number 35
Page from 607 to 622
being No 02973 for the year 2008.

(Sujan Kumar Maity) 26-December-2008
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR
Office of the A. D. S. R. BUDGE BUDGE
West Bengal

Bofan Vyapaar Pvt. Ltd.

Director

District Sub-Registrar

ADDL. DIST. SUB-REGISTRAR
Budge Budge, 24 Parganas (S)

26 DEC [illegible]